

# সামাজিক ও রাজনৈতিক জীবন

আজকের বিষয়

গণতন্ত্র

প্রথম ভাগ

১) গণতন্ত্র কি?

✓ গণতন্ত্র হলো জনগণের শাসন। এই ব্যবস্থায় জনগণের হাতে তাদের প্রতিনিধি নির্বাচনের ক্ষমতা দেওয়া হয়। এই ব্যবস্থায় সরকার তাদের স্থায়িত্ব জনগণের জন্য জনকল্যাণ কর কর্মের উপর নির্ভরশীল।

২) গণতন্ত্র ও গণতান্ত্রিক ব্যবস্থা এর উৎস কোথায় প্রথম পরিলক্ষিত হয়?

✓ ৫০৮ খ্রিস্টপূর্ব প্রাচীন গ্রীক শহর এথেন্সে।

৩) গণতন্ত্রের জনক কে?

✓ অ্যারিস্টটল

৪) আধুনিক গণতন্ত্রের জনক কে?

✓ জন লক

৫) গণতন্ত্রের মানসপুত্র বলে কে বিখ্যাত?

✓ হোসেন শহীদ সোহরাওয়ার্দী

৬) পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ কোনটি?

✓ ভারত

৭) কোন দেশের সরকারের গণতান্ত্রিক ব্যবস্থা অক্ষুণ্ণ রাখতে হলে কোন বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ?

✓ সর্বজনীন ভোটাধিকার

৮) সার্বজনীন ভোটাধিকার কি?

✓ যে ব্যবস্থাপনায় জাতি – ধর্ম ও বর্ণ নির্বিশেষে সকল প্রাপ্তবয়স্ক নাগরিকদের ভোট দানের অধিকার রয়েছে।

৯) গণতান্ত্রিক ব্যবস্থায় কাদের ভোটদানের অধিকার রয়েছে?

✓ ১৮ বছর বা তার বেশি বয়সের লোকদের ভোটদানের অধিকার রয়েছে।

১০) বর্তমানে গণতান্ত্রিক সরকার ব্যবস্থা কি রকম প্রকৃতির?

✓ প্রতিনিধিত্বমূলক গনতন্ত্র

১১) প্রতিনিধিত্বমূলক গনতন্ত্র বর্তমান এমন একটি দেশের নাম বল?

✓ ভারত

১২) প্রতিনিধিত্বমূলক গণতন্ত্র বলতে কি বোঝায়?

✓ প্রতিনিধিত্বমূলক গণতন্ত্র হলো এমন একটি গণতান্ত্রিক ব্যবস্থা যেখানে জনগন সরাসরি সরকারের কাজে অংশগ্রহণ না করে এর পরিবর্তে এরা ভোটের মাধ্যমে তাদের পছন্দমত প্রতিনিধি নির্বাচন করে। এই প্রতিনিধিরাই দেশের জনগণের স্বার্থে বিভিন্ন নীতি গ্রহণ করে এবং বিভিন্ন জনকল্যাণকর কাজ করে থাকে।

১৩) কোন তিনটি বিষয়ের উপর দেশের গণতন্ত্র নির্ভরশীল?

✓ ক) সার্বজনীন ভোটাধিকার

খ) রাজনৈতিক দলের স্বাধীনতা

গ) সংবিধান মেনে চলা হয় কিনা।

১৪) সংসদীয় গণতন্ত্রের জনক কে?

✓ জন লক

১৫) সংসদীয় গণতন্ত্র ব্যবস্থায় কে সরকারের হয়ে দেশের প্রধান দায়িত্ব পালন করে?

✓ প্রধানমন্ত্রী

১৬) সংসদীয় গণতন্ত্র ব্যবস্থায় কে নিয়মতান্ত্রিক প্রধান হিসাবে পরিচিত?

✓ রাষ্ট্রপতি

১৭) সংসদীয় গণতন্ত্র ব্যবস্থার কয়েকটি দেশের নাম উল্লেখ করো?

✓ যুক্তরাজ্য, ভারত ও বাংলাদেশ

১৮) কতসালে দক্ষিণ আফ্রিকা একটি স্বাধীন গণতান্ত্রিক দেশ হিসাবে ঘোষিত হয়?

✓ ১৯৯৪ সালে।

১৯) বিংশ শতাব্দীতে আফ্রিকা মহাদেশের কোন দেশে বর্ণবিদ্বেষ প্রথা প্রবল আকার ধারণ করে?

✓ দক্ষিণ আফ্রিকা

২০) কে আফ্রিকার বর্ণবিদ্বেষ প্রথার বিরুদ্ধে লড়াই করে গেছেন এবং আফ্রিকায় গনতন্ত্র সরকারের পরিচালনা করেন?

✓ নেলসন ম্যান্ডেলা

# সমাপ্ত

## ধন্যবাদ

